

১১. “নির্ঝরে নীরবতা“

পলাশ ফুটা নদীতটে  
সেদিন দেখেছিলাম তোমায়,  
বলেছিলে তুমি আবার  
হবে গো দেখা ভুলনা আমায়।  
প্রতীক্ষায় তুমি ছিলে পূর্ব দিগন্তে  
সহসা হারাল সবি ক্ষনিক বসন্তে।  
আজি সেই স্মৃতি জমা  
শরতের পলাশ জাগা-  
শিশির ভেজা ঘাসে;  
দীর্ঘশ্বাসে ভরিল অন্তর  
অশারিরী আত্মার নিঃশ্বাসে।  
নিশিথিনী যায় দূর বনছায়  
ফুরাল বুঝি ঘুম মোর নয়নে,  
আসি বলি প্রিয়া  
তবু কেন এলো না ফিরে  
সন্ধ্যা তাঁরা সনে।  
নির্ঝরিনী আজি বয়ে যায় একাকিনী  
হয়ে সাথী হারা ,  
নীরব আজি তাই  
তুমি পাশে নাই

হয়েছি তাই আশ্বহারা।